

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়  
পিরোজপুর সদর, পিরোজপুর।

তারিখঃ ১৫/১০/২০২৫ খ্রিঃ

স্মারক নং- ১২.১৬.০৯১৮.০০০.০৪১.৩৭.০০২০.২৫/ ৩৯২


বিষয়ঃ ২০২৫-২৬ অর্থবছরে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় রবি মৌসুমে হাইব্রিড সূর্যমুখী বীজ সরবরাহ প্রসংগে।

সূত্রঃ

- ১) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর এর স্মারক নং- ১২.০১.০০০০.১৬৬.৩৮.০০১.২০.২৮৫২; তারিখঃ ২৬/০৮/২০২৫ খ্রিঃ।
- ২) কৃষি মন্ত্রণালয়ের স্মারক নং- ১২.০১.০০০০.০২৬.৩৮.০১১.২৫(২).৩১১; তারিখঃ ১৭/০৯/২০২৫ খ্রিঃ
- ৩) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, পিরোজপুর মহোদয়ের স্মারক নং-১২.১৭.৭৯০০.০৪১.১৬.০১০.২৫/৬২১, তারিখঃ ২১/০৯/২০২৫ খ্রিঃ
- ৪) বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন এর স্মারক নং - ১২.০৬.০০০০.২৭৫.৯৯.২২৪.২৫.৪৩৮; তারিখঃ ২৮/০৯/২০২৫ খ্রিঃ।
- ৫) মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা মহোদয়ের স্মারক নং - ১২.০১.০০০০০.১৬৬.৩৮.০০১.২০.৩৪৭১(৬৮), তারিখঃ ১৪/১০/২০২৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে ১ ও ২ নং সূত্রস্থ পত্রের মাধ্যমে ২০২৫-২৬ অর্থবছরে কৃষি প্রণোদনা কর্মসূচির আওতায় কৃষক পর্যায়ে হাইব্রিড সূর্যমুখী বীজ সরবরাহের আদেশ রয়েছে। ৪ নং সূত্রস্থ পত্র মোতাবেক বিএডিসি এর পর্যায়ে মজুদ না থাকায়, ৫ নং সূত্রস্থ পত্র মোতাবেক মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা এর অনুমতি সাপেক্ষে ২ নং সূত্রস্থ পত্রের বিতরণ নীতিমালার ৯ ও ১১ অনুচ্ছেদ মোতাবেক সরকার নির্ধারিত মূল্যে পিপিআর ২০২৫ এর বিধি ৯৯ (১) ঘ অনুসারে সরাসরি চুক্তি পদ্ধতিতে ক্রয়ের নিমিত্তে আগ্রহী ও প্রতিষ্ঠিত বীজ কোম্পানি/উদ্যোক্তার নিকট হতে নিম্নোক্ত ছক মোতাবেক আগ্রহ পত্র আহ্বান করা হলো। আগ্রহী কোম্পানি চুক্তি মোতাবেক সরবরাহ আদেশ প্রাপ্তির ১৫ কার্যদিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে উপজেলা কৃষি প্রণোদনা ও পুনর্বাসন উপকরণ ক্রয় কমিটির নিকট হাইব্রিড সূর্যমুখী বীজ সরবরাহে বাধ্য থাকিবেন।

ক্রঃনং	উপজেলার নাম	হাইব্রিড সূর্যমুখীএর পরিমাণ(Kg)	প্যাকেট সাইজ	প্যাকেট সংখ্যা (টি)	সরকার নির্ধারিত মূল্য(টাকা)	মন্তব্য
১	পিরোজপুর সদর	৫২০	১ কেজি	৫২০	১৮০০	

  
১৫/১০/২৫


মোঃ শওকত হোসেন  
উপজেলা কৃষি অফিসার  
পিরোজপুর সদর, পিরোজপুর।

তারিখঃ ১৫/১০/২০২৫ খ্রিঃ

স্মারক নং - ১২.১৬.০৯১৮.০০০.০৪১.৩৭.০০২০.২৫/ ৩৯২(৪)

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো-

- ১। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, পিরোজপুর।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, পিরোজপুর সদর। (নোটিশবোর্ড)
- ৩। বঙ্গ এ.এল, এসিআই, ব্র্যাক, টাটা সীড কোং লি।
- ৪। অফিস কপি।(নোটিশবোর্ড)

  
১৫/১০/২৫

উপজেলা কৃষি অফিসার  
পিরোজপুর সদর, পিরোজপুর।